

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.০০০০.০৬৩.৪৩.০০৩.১৬-১৬২৮

তারিখঃ ১২/১০/২০১৭

বিষয়ঃ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর পৌর এলাকায় অবকাঠামো উন্নয়ন ও দরিদ্র জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহ প্রকল্প” শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রসঙ্গে।

সূত্র রহনপুর পৌরসভার স্মারক নং-রহ./পৌর:/বিসিসিটিএফ/২০১৭/১১০১, তারিখঃ ২১/০৮/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রস্থ পত্রের মাধ্যমে প্রেরিত সংশোধিত প্রকল্প প্রস্তাব পর্যালোচনায় দেখা যায়, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের ২৭/০৩/২০১২ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী অনুচ্ছেদ ৪.০ মোতাবেক প্রকল্প সংশোধনের ক্ষেত্রে যৌক্তিকতাসহ সংশোধনের প্রস্তাব PPCCTF ছকে (সংলগ্নী-২) অনুযায়ী প্রস্তুত করা হয়নি (কপি সংযুক্ত)। এছাড়াও, প্রেরিত প্রকল্প প্রস্তাবে নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশিত/সংযুক্ত হয়নি:

- (ক) সংশোধিত প্রকল্প প্রস্তাব বিসিসিটি কর্তৃক প্রণীত সর্বশেষ নির্ধারিত ছক মোতাবেক প্রেরণ করা হয়নি।
- (খ) প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে পিআইসি'র সুপারিশ সংবলিত কার্য-বিবরণী, পূর্বের ছাড়কৃত অর্থের ব্যয়-বিবরণী (ব্যাংক হিসাব বিবরণী), বাস্তবায়নাধীন কাজের আর্থিক অগ্রগতি প্রতিবেদন বিবেচ্যপত্রের সাথে সংযুক্ত করা হয়নি।

০২। এমতাবস্থায়, উপরোক্ত ত্রুটিসমূহ সংশোধনকরত: জরুরি ভিত্তিতে সংশোধিত প্রকল্প প্রস্তাব প্রেরণ এবং নির্ধারিত সময়ের মধ্যে কেন প্রকল্প কাজ বাস্তবায়ন সম্ভব হয়নি তার ব্যাখ্যা প্রদানের জন নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে-----পাতা।

৫০
- ১২/১০/১৭
(মোঃ আবদুর রউফ মিয়া)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

- ০১। মেয়র
রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
- ০২। প্রকল্প পরিচালক, জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য চাঁপাইনবাবগঞ্জ জেলার রহনপুর এলাকায় অবকাঠামো উন্নয়ন ও দরিদ্র জনগোষ্ঠীর জন্য সুপেয় পানি সরবরাহ, রহনপুর পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপিঃ

- ০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।